



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন
জনসংযোগ ইউনিট, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা
ফোন : ৯৫৬০৫৭৪, ই-মেইল : pro@bhbfc.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের হেল্প ডেস্ক উদ্বোধন



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন (বিএইচবিএফসি) এর প্রধান কার্যালয়ের ৩য় তলায় গতকাল কর্পোরেশনের হেল্প ডেস্ক উদ্বোধন করেন পরিচালনা পর্ষদের চেয়ারম্যান শেখ আমিনউদ্দিন আহমেদ। এ অনুষ্ঠানে কর্পোরেশনের পরিচালনা পর্ষদের পরিচালক সুধাংশু শেখর বিশ্বাস, ফারুক আহমেদ, মোঃ জালাল উদ্দিন, শামস আল মুজাহিদ এবং ব্যবস্থাপনা পরিচালক দেবশীষ চক্রবর্তী উপস্থিত ছিলেন। এছাড়াও কর্পোরেশনের মহাব্যবস্থাপক ড. দৌলতুল্লাহার খানম, মোঃ আমিন উদ্দিন ও মোঃ জাহিদুল হকসহ কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

কর্পোরেশনের ঋণ গ্রহিতাদের ঋণ গ্রহণ ও ঋণ পরিশোধসহ সকল তথ্যাদি দ্রুততার সাথে প্রদানের জন্য বর্তমান ব্যবস্থাপনা কর্তৃপক্ষের উদ্যোগে নতুন আঙ্গিকে এ হেল্প ডেস্ক চালু করা হয়েছে। এছাড়া প্রবাসীদের স্বল্প সময়ে ঋণ সেবা প্রদানের জন্য উক্ত হেল্প ডেস্কে 'প্রবাসী এক্সপ্রেস' নামে বিশেষ সেবা চালু করা হয়েছে। পাশাপাশি গ্রহিতাদের যোগাযোগের জন্য ৯৫৬১৩৮০, ০১৫৫০০৪৩৩০৫ ও ০১৫৫০০৪৩৩০৬ হেল্প লাইন সুবিধা রাখা হয়েছে। এর ফলে কর্পোরেশনের গ্রাহক সেবার মান আরোও উত্তরোত্তর বৃদ্ধি পাবে।